

আমাদেরকে বিনামূল্যে কল করুন  
0800 144 8 444

পরামর্শদাতারা সোমবার থেকে শুক্রবার, সকাল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত লভ্য থাকেন।

অনলাইনে আমাদের সাথে কথা বলুন

[citizensadvice.org.uk/helptoclaim](http://citizensadvice.org.uk/helptoclaim)

সাধারণত সোমবার থেকে শুক্রবার, সকাল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত কথা বলা যায়। যদি কোন পরামর্শদাতা লভ্য না থাকেন, চ্যাট বক্স দেখা যাবে না।

চ্যাট আপনাকে আপনার ইউনিভার্সাল ক্রেডিট আবেদন প্রক্রিয়া সম্পর্কে অনলাইনে একজন প্রশিক্ষিত পরামর্শদাতার সাথে কথা বলার সুযোগ করে দেয় - যা একইরকমভাবে করে যা আপনি ফোনে বা মুখোমুখি করেন।

আমাদের সাথে মুখোমুখি কথা বলুন

হেল্প টু ক্লেইম বা দাবী করতে সহায়তা পরামর্শ পরিষেবাটি স্থানীয় Citizens Advice অফিসগুলিতে বা লাইব্রেরি বা জবসেন্টারগুলির মত অন্যান্য স্থানগুলিতে মুখোমুখি হিসেবে লভ্য।

আমাদের এই ওয়েবসাইটে আপনার নিকটতম মুখোমুখি পরিষেবার বিবরণ খুঁজে নিন:  
[citizensadvice.org.uk/helptoclaim](http://citizensadvice.org.uk/helptoclaim)

আমাদের অনলাইন পরামর্শ পড়ুন

[citizensadvice.org.uk/helptoclaim](http://citizensadvice.org.uk/helptoclaim)

ইউনিভার্সাল ক্রেডিটের জন্য আবেদন করা সম্পর্কে আরো পড়ার জন্য আমাদের ওয়েবসাইটে আসুন। এর মধ্যে আপনি ইউনিভার্সাল ক্রেডিট পাওয়ার জন্য যোগ্য কি না তা কিভাবে যাচাই করবেন সে সংক্রান্ত তথ্য অর্ন্তভুক্ত রয়েছে এবং আবেদন প্রক্রিয়ার প্রত্যেক পর্যায়ে সাথে কি কি সংশ্লিষ্ট তা ব্যাখ্যা করা হয়েছে।

ভাল মানের, স্বাধীন পরামর্শ। 80 বছর ধরে  
প্রত্যেকের জন্য।

আমরা লোকেদের তাঁদের সামনের পথে এগিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান ও আত্মবিশ্বাস প্রদান করে থাকি - তা তাঁরা যেই হোন না কেন বা তার সমস্যা যাই হোক না কেন।

আমাদের দাতব্যগুলির নেটওয়ার্ক অনলাইনে, ফোনে বা মুখোমুখি বিনামূল্যে গোপনীয় পরামর্শ প্রদান করে থাকে।

সঠিক প্রমাণের সাথে আমরা কোম্পানীগুলি ও সরকারকে দেখাই যে, তারা কিভাবে লোকেদের জন্য জিনিসগুলিকে আরো ভাল করে তুলতে পারে।

[citizensadvice.org.uk](http://citizensadvice.org.uk)




© Citizens Advice এপ্রিল 2019

Citizens Advice হল ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ Citizens Advice ব্যুরোগুলির একটি কার্যশীল নাম। রেজিস্টার্ড চ্যারিটি নম্বর 279057

citizens  
advice

ইউনিভার্সাল  
ক্রেডিটের জন্য  
আবেদন করতে  
সহায়তা পান



হেল্প টু ক্লেইম বা দাবী করার ক্ষেত্রে সহায়তা হল সিটিজেন্স অ্যাডভাইসের একটি নিবেদিত পরিষেবা। এটি বিনামূল্যের, স্বাধীন, গোপনীয় ও নিরপেক্ষ।

হেল্প টু ক্লেইম বা দাবী করার ক্ষেত্রে সহায়তা হল Citizens Advice-এর একটি নতুন নিবেদিত পরিষেবা।

আমাদের প্রশিক্ষিত পরামর্শদাতারা আপনার ইউনিভার্সাল ক্রেডিট দাবী করার প্রাথমিক পর্যায়েগুলিতে, অর্থাৎ আবেদন করা থেকে প্রথম পূর্ণ অর্থপ্রদান পাওয়া পর্যন্ত আপনাকে সহায়তা করতে পারেন।

এটি বিনামূল্যের, স্বাধীন, গোপনীয় ও নিরপেক্ষ।

আপনি ফোনে, অনলাইন চ্যাটের মাধ্যমে বা মুখোমুখি আমাদের পরামর্শদাতাদের সাথে যোগাযোগ রাখতে পারেন।



## ইউনিভার্সাল ক্রেডিট কি?

ইউনিভার্সাল ক্রেডিট হল একটি বেনেফিট বা সুবিধা যা আপনাকে দৈনন্দিন জীবনধারণের খরচের ক্ষেত্রে সহায়তা করতে পারে।

আপনি যদি কর্মরত না হন বা আপনার আয় কম থাকে আপনি এটি পেতে সক্ষম হতে পারেন।

এটি ধীরে ধীরে 6টি অন্য বেনেফিটকে প্রতিস্থাপিত করে।

- হাউজিং বেনেফিট
- আয়-ভিত্তিক কর্মনিয়োগ ও সহায়তা ভাতা (ESA)
- আয়-ভিত্তিক কর্মপ্রার্থী ভাতা (JSA)
- চাইল্ড ট্যাক্স ক্রেডিট
- ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট (WTC)
- ইনকাম সাপোর্ট

আপনি সাধারণত একই সময়ে ইউনিভার্সাল ক্রেডিট এবং এই বেনেফিটগুলির কোন একটি দাবী করতে পারেন না।

আপনি যদি এই বেনেফিটগুলির কোনটির জন্য দাবী করে থাকেন, আপনি এই সময়ের জন্য সেগুলি জারী রাখতে পারেন - যদি না আপনার পরিস্থিতির পরিবর্তন হয়ে থাকে। উদাহরণস্বরূপ, আপনি যদি অন্য একটি কাউন্সিল এলাকাতে স্থানান্তরিত হলে।

আপনি আমাদের ওয়েবসাইটে ইউনিভার্সাল ক্রেডিট সম্পর্কে এবং কারা এটি পাওয়ার যোগ্য সে সংক্রান্ত আরো তথ্য জানতে পারেন। এর মধ্যে আপনি ইউনিভার্সাল ক্রেডিট পাওয়ার জন্য যোগ্য কি না তা কিভাবে যাচাই করবেন সে সংক্রান্ত তথ্য অর্ন্তভুক্ত রয়েছে এবং আবেদন প্রক্রিয়ার প্রত্যেক পর্যায়ের সাথে কি কি সংশ্লিষ্ট তা ব্যাখ্যা করা হয়েছে।

দেখুন: [citizensadvice.org.uk/universalcredit](https://citizensadvice.org.uk/universalcredit)

## ইউনিভার্সাল ক্রেডিটের জন্য আবেদন করা

আপনি অনলাইনে বা - কিছু সীমিত পরিস্থিতিতে - ফোনে বা বাড়িতে ইউনিভার্সাল ক্রেডিটের জন্য আবেদন করতে পারেন। আমরা আবেদন প্রক্রিয়ার যে কোন অংশের ক্ষেত্রে আপনাকে সহায়তা করতে পারি।

আপনার ইউনিভার্সাল ক্রেডিটের আবেদন শুরু করতে সহায়তার প্রয়োজন হলে, আগে থেকে আপনি যতটা পারেন আপনার প্রয়োজনীয় সমস্ত তথ্য একত্রিত করে নিলে ভাল হয়। এটি আপনার সময় বাঁচাবে এবং তা আবেদন করাকে আরো সহজ করবে।

আবেদনটি শুরু করার জন্য আপনার এই বিবরণগুলি আপনার প্রয়োজন হবে:

- ন্যাশনাল হাউজিং নম্বর
- হাউজিং বা আবাসন
- আয় ও সঞ্চয়
- চাইল্ডকেয়ার বা শিশু তত্ত্বাবধানের পরিস্থিতি
- অন্যান্য বেনেফিটগুলি, যদি আপনি কোনওটি পেয়ে থাকেন

আপনার দাবীর প্রতিটি পর্যায়ে আপনার কি কি প্রয়োজন হবে সে সম্পর্কে আপনি আমাদের এই ওয়েবসাইটে আরো তথ্য পেতে পারেন [citizensadvice.org.uk/startingyourclaim](https://citizensadvice.org.uk/startingyourclaim)